ph upload

বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা
ডায়েরী নং ২৮৫
তারিখ ২৮/০১/২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
শৃঙ্খলা-৪ শাখা
www.moha.gov.bd

স্মারক নং-৪৪.০০.০০০০.০০০.২৩৭.২৭.০০০৮.২৪-০৫

তারিখঃ ০৮ মাঘ ১৪৩২ / ২০ জানুয়ারি ২০২৬

## প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন,পরিচালক,বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, সিলেট (বর্তমানে সাময়িক বরখাস্ত); পরিচালক ও অফিস প্রধান হিসেবে বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, আগারগাঁও, ঢাকায় কর্মকালীন প্রতিনিয়ত অনিয়ম, অসদাচরণ ও শৃঙ্খলা বহির্ভূত আচরণ সংঘটিত করেছেন। তার বিরুদ্ধে অফিসিয়াল সভায় যথাসময়ে উপস্থিত না হওয়া, অনুমতি ছাড়া কর্মস্থল ত্যাগ করা, কর্মকর্তা-কর্মচারীদের বদলি সংক্রান্ত অধিদপ্তরের ন্যায়সংগত আদেশ অমান্য করে বদলিকৃত কর্মকর্তাকে অব্যাহতি প্রদান না করা, অফিসিয়াল মিটিংয়ে শৃঙ্খলা বহির্ভূত আচরণ করত: উত্তেজনা সৃষ্টি করা, সামাজিক যোগাযোগ মাধ্যম Whatsapp গ্রুপে উষ্কানিমূলক পোস্ট প্রদান করা, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, আগারগাঁও, ঢাকায় দাপ্তরিক কাজের কোন ধরনের ব্যত্যয় হলে কিংবা কোন স্পর্শকাতর ঘটনা সংঘটিত হলে মহাপরিচালক-কে সময়মতো অবহিত না করা, ঊর্ধ্বতন কর্মকর্তার (ভারপ্রাপ্ত মহাপরিচালক) সাথে তর্কে লিপ্ত হয়ে নিয়ম বহির্ভূত কাজের জন্য চাপ সৃষ্টি করা ইত্যাদি অভিযোগ পাওয়া যায়। দীর্ঘদিন যাবৎ তার এই নিয়মবহির্ভূত ও শৃঙ্খলা পরিপন্থি আচরণ নিয়ন্ত্রণের জন্য বিভিন্ন সময়ে প্রশাসনিক ব্যবস্থা হিসেবে অধিদপ্তর হতে কারণ দর্শানোর নোটিশ জারি ও সতর্ক করা হয়, কিন্তু তার শৃঙ্খলার কোনো উন্নতি পরিলক্ষিত হয়নি;

০২। যেহেতু, গত ৩১-১২-২০২২ তারিখে ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের মহাপরিচালকের সভাপতিত্বে অনুষ্ঠিত পূর্ব নির্ধারিত ত্রৈমাসিক সভায় যথাসময়ে উপস্থিত না হওয়ায় অধিদপ্তরের স্মারক নং-৫৮.০১.০০০০.১০১.১৮.০১৪.২০২২.০৯, তারিখ ০২/০১/২০২৩ এর মাধ্যমে তাকে দাপ্তরিক কাজে অধিকতর মনোযোগী ও যত্নবান হওয়ার জন্য নির্দেশনা প্রদান করা হয়;

০৩। যেহেতু, তার এহেন আচরণ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর শামিল বিধায় তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নং ০৫/২০২৪ রুজু করে ২৮-১১-২০২৪ তারিখে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণপূর্বক লিখিত জবাব দাখিলের জন্য বলা হয়। তিনি ১৮-১২-২০২৪ তারিখে অভিযোগনামার জবাব দাখিল করেন ও ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেন। গত ১৯-০১-২০২৫ তারিখে ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়। শুনানিঅন্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তের জন্য গত ১৮-০২-২০২৫ তারিখে জনাব সেখ ফরিদ আহমেদ, যুগ্মসচিব, সাবেক সুরক্ষা সেবা বিভাগ-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়।

০৪। যেহেতু, তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং তদন্ত প্রতিবেদনে আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮, এর ৩ (খ) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

০৫। যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং বিভাগীয় মামলা সংশ্লিষ্ট নথি ও অন্যান্য কাগজপত্রসহ প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে একই বিধিমালার ৪(৩) (ঘ) বিধি মোতাবেক তাকে 'চাকুরী হইতে বরখাস্তকরণ' সূচক গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণক্রমে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ জারি করে ৭ (সাত) কার্য দিবসের মধ্যে জবাব প্রদানের নির্দেশ দেওয়া হয়;

০৬। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা গত ১৯-০৮-২০২৫ তারিখে ২য় কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেন। জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন-কে 'চাকুরী হইতে বরখাস্তকরণ' গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত বহাল রাখা হয়;

০৭। যেহেতু, প্রস্তাবিত গুরুদণ্ড আরোপের বিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এর মতামত চাওয়া হলে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন-কে 'চাকুরী হইতে বরখাস্তকরণ" গুরুদণ্ড আরোপের বিষয়ে এ মন্ত্রণালয় কর্তৃক গৃহীত প্রাথমিক সিদ্ধান্তের সঙ্গে একমত পোষণ করেন;

০৮। সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩ (খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪ (৩) (ঘ) বিধি মোতাবেক জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন, পরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, সিলেট(বর্তমানে সাময়িক বরখাস্ত)-কে সরকারি চাকরি হতে বরখাস্ত করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নাসিমুল গনি
সিনিয়র সচিব

স্মারক নং-৪৪.০০.০০০০.০০০.২৩৭.২৭.০০০৮.২৪-০৫ তারিখঃ ০৬ মাঘ ১৪৩২ / ২০ জানুয়ারি ২০২৬

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
২। অতিরিক্ত সচিব (বহিরাগমন অনুবিভাগ), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩। উপসচিব, বহিরাগমন-০৪ শাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা;
৪। উপদেষ্টার একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য);
৫। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (গেজেটেড পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ;
৬। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
৭। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
৮। জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন, বরখাস্তকৃত পরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
৯। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
১০। অতিরিক্ত সচিব (শৃঙ্খলা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা;
১১। অফিস কপি।

২০-০১-২০২৬
মোহাম্মদ মিজানুর রহমান তালুকদার
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর
ই-৭, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.dip.gov.bd

স্মারক নং- ৫৮.০১.০০০০.১০১.৩৯.০০৯.২৪.২২৬ তারিখঃ ২৩ মাঘ ১৪৩২ / ০৬ ফেব্রুয়ারি ২০২৬

পৃষ্ঠাংকিত স্মারকটি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

০৬/০২/২০২৬
(মোঃ সালেহ উদ্দিন)
সহকারী পরিচালক (প্রশাসন)
মহাপরিচালকের পক্ষে।
adadmin@passport.gov.bd

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। প্রকল্প পরিচালক, ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রবর্তন প্রকল্প, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
২। পরিচালক (প্রশাসন ও অর্থ)/(পাসপোর্ট, ভিসা ও পরিদর্শন)/ডাটা এন্ড পার্সোনালাইজেশন সেন্টার)/ (পরিকল্পনা ও উন্নয়ন), ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
৩। জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন, স্থায়ী ঠিকানাঃ পিতা- মৃত বাদে-উজ-জামান, গ্রাম- নলিন, ডাকঘর- নলিন বাজার, থানা/উপজেলা- গোপালপুর, জেলা- টাঙ্গাইল।
৪। সিস্টেম এনালিস্ট, ডাটা এন্ড পার্সোনালাইজেশন সেন্টার, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা (অত্র প্রজ্ঞাপনটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। পরিচালক/ উপপরিচালক/ সহকারী পরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস/ আঞ্চলিক পাসপোর্ট অফিস ..................।
৬। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৭। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, সিলেট।
৮। উপপরিচালক (ক্রয় ব্যবস্থাপনা)/(পাসপোর্ট)/ (ভিসা)/(অর্থ ও নিরীক্ষা)/(পরিকল্পনা ও উন্নয়ন)/(প্রশিক্ষণ ও কর্মসম্পাদন)/ (সিআই), ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৯। সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
১০। মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
১১। জনাব.............................................
১২। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (মাসব্য ও অর্থ)/(পাসপোর্ট, ভিসা ও ইমিগ্রেশন), ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
১৩। সংশ্লিষ্ট নথি।